



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল  
www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/বিঅ/২০২২/৭৯০৪

তারিখঃ ১৩/১০/২০২২ খ্রি.


## বিজ্ঞপ্তি

অত্র বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক, অভিভাবক এবং শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে একটি প্রতারক চক্র বিভিন্ন মোবাইল নম্বর থেকে বরিশাল শিক্ষাবোর্ড কর্মকর্তা পরিচয় দিয়ে বিদ্যালয়ের স্বীকৃতি, স্বীকৃতি নবায়ন, পাঠদান, কমিটি, উপবৃত্তি, শিক্ষাবোর্ড বৃত্তি, অন্ধকল্যাণ সমিতির বৃত্তিসহ বিভিন্ন প্রকার সুবিধা দেয়ার জন্য বিকাশের মাধ্যমে ২,২০০/-, ২,৫০০/-, ৩,০০০/-, ৩,৫০০/- ইত্যাদি হারে টাকা চেয়ে মোবাইল করে থাকে। উক্ত টাকা না দিলে প্রতিষ্ঠানের ক্ষতি হতে পারে। এমনকি শিক্ষা মন্ত্রণালয়ের অডিটের কথা বলেও ভয়ভীতি প্রদর্শন করে থাকেন। এ বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর। বরিশাল শিক্ষাবোর্ডের সকল প্রকার ফি সোনালী-ই-সেবা গেটওয়ের মাধ্যমে গ্রহণ করা হয়। এ ছাড়া সামান্য কিছু সেবা সোনালী ব্যাংকের পে অর্ডার কিংবা ডিমাণ্ড ড্রাফট এর মাধ্যমে গ্রহণ করা হয়।

উল্লেখ্য অন্য কোন মাধ্যমে সেবা ফি গ্রহণ করা হয় না। কাজেই সংশ্লিষ্টদের সতর্ক করা যাচ্ছে যে, অত্র বোর্ডের কর্মকর্তাদের নাম ব্যবহার করে কেউ টাকা চাইলে ধরে নিতে হবে তা প্রতারণা। উক্ত প্রতারকের নাম ও মোবাইল নম্বর নিয়ে নিকটবর্তী থানায় যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো। তথাপিও যদি কেউ প্রতারকের ফাঁদে পা দিয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন- সেক্ষেত্রে অত্র বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বিষয়টি অতীব জরুরি।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে-

  
13.10.2022

মোঃ রফিকুল ইসলাম খান

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত  
নিম্নমাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয় এবং স্কুল এণ্ড কলেজ।

কার্যার্থে বিতরণ করা হলোঃ

- ০১। জেলা প্রশাসক, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ০২। পুলিশ সুপার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ০৪। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ০৬। সংশ্লিষ্ট সেবা গ্রহীতা
- ০৭। সংরক্ষণ নথি